বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

বিষয় : বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শক্তি পদ হালদার, উপ-কীপার (সম) ও আহবায়ক, সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

স্থান : কমিটির আহবায়কের দাপ্তরিক কক্ষ নম্বর- ১৩৩/খ।

তারিখ : ২১.১১.২০২০ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১১.০০ টা।

সভার শুরুতে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটির আহবায়ক জনাব শক্তি পদ হালদার সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আহ্বায়ক বলেন যে, বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টারটি (বাংলা ও ইংরেজি) আধুনিক ও যুগোপযোগী করার জন্য গত ০৬.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার ২(খ) নম্বর সিদ্ধান্ত মোতাবেক জাদুঘরের সকল বিভাগ, শাখা ও শাখা জাদুঘরের প্রধানদের মতামত প্রদানের আহ্বান জানিয়ে পত্র প্রেরণ করা হয়। যে সকল বিভাগ, শাখা ও শাখা জাদুঘরের মতামত পাওয়া গেছে সে সকল মতামত সভায় উপস্থাপন করা হয়। উক্ত মতামতসমূহ পর্যালোচনা করে যে সকল মতামত গ্রহণযোগ্য বলে কমিটি মনে করেছে সেগুলো সংযোজন ও বিয়োজনের মাধ্যমে সিটিজেন চার্টারটি সংশোধন, পরিমার্জন করার ব্যবস্থা নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় প্রধান ও শাখা প্রধানদের মতামতের ভিত্তিতে সিটিজেন চার্টারের বিভিন্ন তথ্য হালনাগাদ করণের বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচনা	সিদ্ধান্ত
১.	জনাব শক্তি পদ হালদার, উপ-কীপার(সম) বলেন, সিটিজেন চার্টারটি (বাংলা ও ইংরেজি) হালনাগাদ ও যুগোপযোগী করার জন্য গত সভার সিদ্ধান্ত মোতাবেক জাদুঘরের সকল বিভাগ, শাখা ও শাখা জাদুঘরের প্রধানদের মতামত প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। কয়েকটি বিভাগ ও শাখা তাদের মতামত এখনও প্রেরণ করেননি। যে সকল বিভাগ ও শাখার মতামত পাওয়া গেছে সে সকল মতামত পর্যালোচনা করে গ্রহণযোগ্য মতামতসমূহ সংযোজন ও বিয়োজনের মাধ্যমে সিটিজেন চার্টারটি সংশোধন, পরিমার্জন করার ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা গ্রহীতাদের সিটিজেন চার্টারের সেবাসমূহের বিষয়ে অবগত করার বাধ্যবাধকতা রয়েছে। এপিএ ২০২০-২০২১ এ সেবা গ্রহীতাদের অবহিতকরণ বিষয়ে চারটি সভা করার বিষয়ে উল্লেখ রয়েছে বিধায় সেবাগ্রহীতাদের নিয়ে চারটি সভা করা প্রয়োজন। সিটিজেন চার্টারের সেবাসমূহ GRS-এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। সংশোধনকৃত সিটিজেন চার্টারের সেবাসমূহ জনাব শহিদুর রহমান খান, আই সিটি শাখা প্রধানকে GRS - এ অন্তর্ভূক্ত করার অনুরোধ জানানো যেতে পারে।	১. কমিটি সঠিক পর্যালোচনা পূর্বক সিটিজেন চার্টারের বিভিন্ন তথ্য সংশোধন ও পরিমার্জনের কাজ করে মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করবে। ২. সিটিজেন চার্টারের (বাংলা ও ইংরেজি) সংশোধনের পর ওয়েবসাইটে আপলোড করবেন কমিটির সদস্য জনাব শহিদুর রহমান খান, আই সিটি শাখা প্রধান। ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের জন্য ডিসেম্বর ২০২০ মাসে প্রথম সভা, ফেব্রুয়ারি ২০২১ মাসে দ্বিতীয় সভা, এপ্রিল ২০২১ মাসে তৃতীয় সভা ও মে মাসে চতুর্থ সভা আয়োজনের ব্যবস্থা করবেন কমিটির সদস্য-সচিব জনাব সাইদ সামসুল করীম, শিক্ষা অফিসার। ৪.(ক) সংশোধনকৃত সিটিজেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামার, জনাব রতন চন্দ্র পাল-
২.	জনাব মনিরুল হক, উপ কীপার(ই) বলেন, সিটিজেন চার্টার হালনাগাদকরণের বিষয়ে যে সকল বিভাগ ও শাখার মতামত পাওয়া গেছে সে মতামতের ভিত্তিতে সিটিজেন চার্টারটি সংশোধন করে ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে। ওয়েবসাইটে আপলোডের বিষয়টি জনাব শহিদুর রহমান খান সম্পাদন করবেন।	

৩.	জনাব দিবাকর সিকদার, সংরক্ষণ রসায়নবিদ, সংযুক্ত (উপ-কীপার(ই)) বলেন যে, এপিএ ২০২০-২০২১ এর ১.৪ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য চারটি সভা আহ্বানের বিষয়ে উল্লেখ রযেছে। মহামারি করোনার জন্য দর্শনার্থী প্রবেশ বন্ধ থাকায় সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য সভা আহ্বান করা সম্ভব হয়নি এ জন্য সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য ডিসেম্বর ২০২০ মাসে প্রথম সভা, ফেব্রুয়ারি ২০২১ মাসে দ্বিতীয় সভা, এপ্রিল ২০২১ মাসে তৃতীয় সভা ও মে মাসে চতুর্থ সভা আয়োজনের ব্যবস্থা করা প্রয়োজন। চারটি সভা আয়োজনের জন্য শিক্ষা অফিসার জনাব সাইদ সামসুল করীমকে অনুরোধ জানানো যেতে পারে।	এর সঙ্গে যোগাযোগ করে আইসিটি শাখা প্রধান জনাব শহিদুর রহমান খান ও কমিটির আহ্বায়ক জনাব শক্তি পদ হালদার, উপ কীপার (সম) সিটিজেন চার্টারটি GRS এর অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ৪(খ) ওয়েবসাইটের GRS পর্যবেক্ষণ করে তথ্য যথাযথ আছে কিনা, না থাকলে তথ্য হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করবেন কমিটির সদস্য জনাব মনিরুল হক, উপ কীপার (ই) এবং জনাব দিবাকর সিকদার সংরক্ষণ রসায়নবিদ, সংযুক্ত (উপ কীপার(ই)।
৪.	জনাব শহিদুর রহমান খান, রেজি. অফিসার (চ.দা) ও আইসিটি শাখা প্রধান বলেন সংশোধনকৃত সিটিজেন চার্টারটি জাদুঘরের ওয়েবসাইটে আপলোড করতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের জনাব রতন চন্দ্র পাল, প্রোগ্রামারকে জাতীয় জাদুঘরের GRS কার্যকর করার জন্য অনুরোধ করা হবে। সিটিজেন চার্টারের সেবা GRS এর অন্তর্ভুক্ত করা হলে অভিযোগ প্রতিকার/সমাধান করার কাজ সহজ হবে। GRS সেবা বক্স আছে তা পর্যবেক্ষণ করে যথাযথভাবে তথ্য আপলোডের ব্যবস্থা করতে হবে।	
৫.	জনাব সাইদ সামসুল করীম বলেন, সেবা প্রদানের ক্ষেত্রে সরাসরি যে কর্মকর্তার দায়ভার রয়েছে সিটিজেন চার্টারে তার নাম অন্তর্ভুক্ত করা প্রয়োজন।	

সভায় আর কোন আলোচনা না থাকায় কমিটির আহ্বায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

25/11/2020
শহিদুর রহমান খান
রেজি. অফিসার (চ.দা) ও আইসিটি শাখা প্রধান
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

২৫/১১/2020
সাইদ সামসুল করীম
শিক্ষা অফিসার
ও সদস্য সচিব
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

২৫/১১/2020
দিবাকর সিকদার
উপ-কীপার(ই)
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

২৫/১১/২০
মোহাম্মদ মনিরুল হক
উপ-কীপার(ই)
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

২৫.১১.২০২০
শক্তি পদ হালদার
উপ-কীপার(সম)
ও আহ্বায়ক
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর